আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক
ANSAR-VDP UNNAYAN BANK

"গোপনীয়"
রেজিষ্টার্ড এডি

কর্মী ব্যবস্থাপনা বিভাগ

সূত্র নং-১/১০/২৩৩(বিরল/দিনাজপুরঃমোঃমুক্তারআলী-১৩)/ ৮৫৭০ তারিখ ঃ ২৪ মার্চ ২০২৫

## কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু, আপনি জনাব মোঃ মুক্তার আলী, পরিচিতি নং-১৩, সিনিয়র প্রিন্সিপাল অফিসার, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ। আপনার বিরুদ্ধে আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক কর্মকর্তা ও কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০০৫ এর অধীনে শৃংখলা সম্পর্কিত ৩৯ এর (ক), (খ) ও (চ) প্রবিধি অনুযায়ী যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, চুরি, আত্মসাৎ, তহবিল তসরূপ ও প্রতারণামূলক অপরাধের দায়ে প্রধান কার্যালয়ের কর্মী ব্যবস্থাপনা বিভাগ এর ২৮-০৭-২০২৪ তারিখের পত্রদ্বয় মোতাবেক শৃংখলাজনিত বিভাগীয় মোকদ্দমা নং- ০১/২০২৪-২০২৫ ও ০২/২০২৪-২০২৫ রুজু করা হয়েছিল। আপনি উক্ত শৃংখলাজনিত বিভাগীয় মোকদ্দমাদ্বয়ের লিখিত জবাব ২২-০৮-২০২৪ তারিখে দাখিল করেছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মোকদ্দমাদ্বয়ের তদন্ত কমিটি গঠন করেছিলেন;

২। যেহেতু, তদন্ত কমিটি উক্ত বিভাগীয় মোকদ্দমা নং- ০১/২০২৪-২০২৫ ও ০২/২০২৪-২০২৫ প্রবিধানমালা মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদনদ্বয় পেশ করেছিলেন এবং আপনার বিরুদ্ধে রুজুকৃত শৃংখলাজনিত বিভাগীয় মোকদ্দমা নং- ০১/২০২৪-২০২৫ তে উত্থাপিত ০২ (দুই)টি অভিযোগ ও শৃংখলাজনিত বিভাগীয় মোকদ্দমা নং-০২/২০২৪-২০২৫ তে উত্থাপিত ০৩ (তিন)টি অভিযোগ প্রমাণিত হইয়াছে বলিয়া তদন্ত প্রতিবেদনে উল্লেখ করা হয়েছিল;

৩। যেহেতু, কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ, আপনার জবাব, তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনদ্বয় এবং অত্র ব্যাংকের বিভাগীয় শৃংখলা/আপীল/জ্যেষ্ঠতা কমিটির মতামতসহ অন্যান্য আনুষঙ্গিক তথ্যাদি পর্যালোচনা করে আপনি জনাব মোঃ মুক্তার আলী, পরিচিতি নং-১৩, সিনিয়র প্রিন্সিপাল অফিসার, আপনার বিরুদ্ধে প্রমাণিত অভিযোগসমূহের জন্য আপনাকে দোষী সাব্যস্ত করেছেন এবং প্রাথমিকভাবে আপনাকে আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক কর্মকর্তা ও কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০০৫ এর ৪০(১)(আ) প্রবিধি মোতাবেক গুরুদন্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহন করেছিলেন। উক্ত প্রস্তাবিত দন্ড কেন আরোপ করা হবে না উহার কারণ দর্শানোর জন্য ১০/০২/২০২৫ইং তারিখে আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক কর্মকর্তা ও কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০০৫ এর ৪৩(৬) প্রবিধি মোতাবেক আপনাকে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়েছিল;

৪। যেহেতু, আপনি জনাব মোঃ মুক্তার আলী ১০/০২/২০২৫ তারিখের দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেছিলেন। অতঃপর কর্তৃপক্ষ আপনার দাখিলকৃত দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব ও সার্বিক বিষয়াদি বিচার-বিশ্লেষণ করে আপনাকে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, চুরি, আত্মসাৎ, তহবিল তসরূপ ও প্রতারণামূলক অপরাধের দায়ে দোষী সাব্যস্ত করতঃ গুরুদন্ড তথা অত্র ব্যাংকের চাকুরী হইতে অপসারণের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন;

৫। এক্ষণে, সেহেতু কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত সিদ্ধান্ত মোতাবেক আপনি জনাব মোঃ মুক্তার আলী, পরিচিতি নং-১৩, সিনিয়র প্রিন্সিপাল অফিসার, আপনাকে আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক কর্মকর্তা ও কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০০৫ এর ৪০(১)(আ) এর (গ) প্রবিধি মোতাবেক আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক এর **'চাকুরী হইতে অপসারণ'** দন্ড প্রদান করা হলো।

৬। এই আদেশ কর্মী সংক্রান্ত ঘোষণা জারির তারিখ হতে কার্যকর হবে।

অনুমোদনক্রমে,

২৪/০৩/২০২৫
(পারভীন আকতার)
উপব্যবস্থাপনা পরিচালক

জনাব মোঃ মুক্তার আলী
পরিচিতি নং-১৩
সিনিয়র প্রিন্সিপাল অফিসার (অপসারণকৃত)
আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক
আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ।

স্থায়ী ঠিকানা
জনাব মোঃ মুক্তার আলী
পিতা-মোঃ মনছুর আলী
গ্রাম-বাজনাহার, ডাকঘর-বাজনাহার
উপজেলা-বিরল, জেলা-দিনাজপুর।

চলমান পাতা-০২

**কর্মী ব্যবস্থাপনা বিভাগ**

সূত্র নং-১/১০/২৩৩(বিরল/দিনাজপুরঃমোঃমুক্তারআলী-১৩)/ ৮৪৭০ তারিখ ঃ ২৪ মার্চ ২০২৫

**সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ**

১। স্টাফ অফিসার টু চেয়ারম্যান, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক এবং পরিচালক (অপারেশনস্), বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
২। স্টাফ অফিসার টু এমডি, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। স্টাফ অফিসার টু ডিএমডি, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। স্টাফ অফিসার টু জিএম, মহাব্যবস্থাপক (প্রশাসন/অপারেশন/হিসাব ও নিরীক্ষা) মহোদয়ের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫। বোর্ড সচিব, পরিচালনা বোর্ড সচিবালয়, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৬। সকল বিভাগ প্রধান, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষণাটি অত্র ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং সংশ্লিষ্ট কর্মকর্তার PMIS এ অন্তর্ভূক্ত করার জন্য আইসিটি বিভাগ এর বিভাগ প্রধান কে অনুরোধ করা হলো।
৭। সকল আঞ্চলিক ব্যবস্থাপক, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক।
৮। আঞ্চলিক ব্যবস্থাপক, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ। এতদসংগে প্রেরিত মূল কর্মী সংক্রান্ত ঘোষণাটি জনাব মোঃ মুক্তার আলী, পরিচিতি নং-১৩, সিনিয়র প্রিন্সিপাল অফিসার (অপসারণকৃত) এর নিকট প্রাপ্তি স্বীকার রসিদ মারফত হস্তান্তর করতঃ রসিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। এছাড়াও যদি তিনি ঘোষণাটি গ্রহণে অস্বীকৃতি জানান/তাকে না পাওয়া গেলে, উক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে অত্র ব্যাংকের ব্যবস্থাপক, বিরল শাখা, দিনাজপুর কে অবহিতকরণের বিষয়টি নিশ্চিত করার জন্য আপনাকে অনুরোধ করা হলো।
৯। সকল আঞ্চলিক নিরীক্ষা প্রধান, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক।
১০। সকল ব্যবস্থাপক, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক।
১১। ব্যবস্থাপক, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, বিরল শাখা, দিনাজপুর। আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ হতে জনাব মোঃ মুক্তার আলী, পরিচিতি নং-১৩, সিনিয়র প্রিন্সিপাল অফিসার (অপসারণকৃত) কর্তৃক মূল কর্মী সংক্রান্ত ঘোষণাটি গ্রহণ না করার তথ্য অবহিত হলে, এতদসংগে প্রেরিত কর্মী সংক্রান্ত ঘোষণাটি জনাব মোঃ মুক্তার আলী এর কোন নিকট আত্মীয়ের (পিতা, মাতা, ভাই, বোন, স্ত্রী ও ছেলেমেয়ে) নিকট প্রাপ্তিস্বীকার রসিদের মাধ্যমে হস্তান্তর করতে হবে। তারা কেউ তা গ্রহণে অস্বীকৃতি জানালে শাখার একজন দায়িত্বশীল কর্মকর্তার মাধ্যমে তার বসত বাড়ীর সদর দরজায় সহজে দৃশ্যমান হয় এমন স্থানে দুইজন স্বাক্ষীর উপস্থিতিতে লটকিয়ে জারি করতঃ সাক্ষীগণের স্বাক্ষর, নাম, ঠিকানা ও মোবাইল নম্বর (যদি থাকে) গ্রহণপূর্বক জারি সংক্রান্ত একটি প্রতিবেদন অত্র বিভাগে পৌছানো নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো।
১২। নথি/ব্যক্তিগত/মহানথি।

২৪।০৩।২০২৫
(মোঃ আবদুর রহিম শিকদার)
সহকারী মহাব্যবস্থাপক